**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 27-04-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) এডিসি'র নবনির্বাচিত ২৮ জন সদস্যদের মধ্যে আজ ২৪ জন শপথ গ্রহণ করেন।**

**(২) আগামী ১৭ই  জুলাই থেকে রাজ্যে জনগণনার প্রথম পর্যায়ের কাজ শুরু হবে।**

**(৩) পশ্চিমবঙ্গের বিধানসভা নির্বাচনে দ্বিতীয় তথা চূড়ান্ত পর্বের সরব প্রচার আজ শেষ হয়েছে। ভোট গ্রহণ ২৯শে এপ্রিল।**

**(৪) আগামী ২৪ ঘন্টায় রাজ্যের বিভিন্ন জেলায় ঝড় ও ভারী বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।**

**************************************

**TTADC :**

এডিসি'র নবনির্বাচিত ২৮ জন সদস্যদের মধ্যে আজ ২৪ জন শপথ গ্রহণ করেন। খুমুলুঙের এডিসি পরিষদীয় ভবনে আয়োজিত অনুষ্ঠানে আইন সচিব শংকরী দাস তিপরা মথা দলের নব-নির্বাচিত ২৪ জন সদস্যকে শপথ বাক্য পাঠ করান। অনুষ্ঠান পরিচালনায় ছিলেন এডিসি'র মুখ্য নির্বাহী আধিকারিক রাভেল হেমেন্দ্র কুমার। উপস্থিত ছিলেন শিল্প ও বাণিজ্য দপ্তরে প্রতিমন্ত্রী বৃষকেতু দেববর্মা, তিপরা মথা দলের প্রতিষ্ঠাতা প্রদ্যোৎ কিশোর দেববর্মা, দলের সভাপতি বিজয় রাঙ্খল।

***************************

**Pradyut Kishore Debbarma :**

তিপ্রা মথা দলের প্রতিষ্ঠাতা প্রদ্যোত কিশোর দেববর্মা আজ আগরতলায় সাংবাদিকদের জানান, এডিসি'র সার্বিক উন্নয়নের লক্ষ্যে কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকার ও তিপরা মথা দলের মধ্যে সম্পাদিত ত্রিপাক্ষীয় চুক্তি দ্রুত বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেছেন। তিনি বলেন, ৫ রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের বিধানসভা নির্বাচনের পর এবিষয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করা হবে। রাজ্য সরকারের সহযোগিতায় আগামীদিনে এডিসি এলাকায় পর্যটন, শিক্ষা, স্বাস্থ্য সহ বিভিন্ন ক্ষেত্রে সার্বিক উন্নয়ন হবে বলে তিনি আশা ব্যক্ত করেন।

**************************

**Conference :**

ডিরেক্টরেট অফ সেন্সাস অপারেশন, ত্রিপুরার উদ্যোগে আজ আগরতলার প্রজ্ঞা ভবনে জনগণনা-২০২৭ এর প্রথম পর্যায়ের বিভিন্ন বিষয়ে একদিনের সম্মেলনের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন জনগণনা অধিকর্তা রতন বিশ্বাস, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের আধিকারিক পি এন চৌধুরী সহ জেলা শাসক ও মহকুমা শাসকগণ। জনগণনা অধিকর্তা শ্রী বিশ্বাস জানান, আজকের সম্মেলনে মূলত রাজ্যের প্রথম পর্যায়ের জনগণনার বিষয়ে আলোচনা করা হয়। তিনি বলেন, রাজ্যে জনগণনার প্রথম পর্যায় শুরু হবে চলতি বছরের জুলাই মাস থেকে। ১৭ই জুলাই থেকে ৩১ জুলাই হবে স্ব-গণনা এবং পয়লা আগস্ট থেকে ৩০শে আগস্ট পর্যন্ত গণনা কর্মীরা বাড়ি বাড়ি গিয়ে জনগণনার কাজ করবে। রাজ্যের জনগণনার কাজের দায়িত্বে থাকবে প্রায় ১১ হাজার কর্মী।

*************************

**Awareness on Millets Cultivation :**

কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের উদ্যোগে আজ কৈলাশহর কৃষি কার্যালয়ে মিলেট বা শ্রীঅন্ন চাষ বিষয়ে কৃষকদের নিয়ে এক সচেতনতামূলক কর্মসূচি অনুষ্ঠিত হয়। বক্তারা বলেন, মিলেট হলো দানাযুক্ত শস্য। প্রধানমন্ত্রী নরেন্দ্র

মোদী মিলেটকে সকল শস্যের মাতা হিসাবে অভিহিত করেছেন। এর প্রচুর খাদ্যগুণ রয়েছে। আলোচনা করেন কৃষি তত্বাবধায়ক সন্দীপ পাল, কৃষি বিজ্ঞান কেন্দ্রের শস্য বিজ্ঞানী রিপন চন্দ্র দাস, কৃষি সেক্টর অফিসার কৌস্তভ দাস ও শোভম জমাতিয়া প্রমুখ।

***************************

**Assembly :**

আগামী ৩০শে এপ্রিল রাজ্য বিধানসভার একদিনের বিশেষ অধিবেশন বসবে। আজ বিজনেস এডভাইজারি কমিটির বৈঠক শেষে পরিষদীয় মন্ত্রী রতনলাল নাথ জানান, এই বিশেষ অধিবেশনে মূলত নারী শক্তি বন্দন অধিনিয়ম বিল নিয়ে আলোচনা হবে। এই বিলটি নিয়ে আলোচনার জন্য ইতিপূর্বে মুখ্য সচেতক কল্যাণী রায় সহ ১৭ জন বিধায়ক বিধানসভার অধ্যক্ষ রামপদ জমাতিয়ার কাছে একটি আবেদন জমা দিয়েছিলেন। পরিষদীয় মন্ত্রী জানান, ঐদিন অধিবেশনের শুরুতে প্রাক্তন মন্ত্রী কার্তিক কন্যা দেববর্মা ও কিংবদন্তি গায়িকা আশা ভোঁসলের প্রয়াণে শোকপ্রস্তাব গ্রহণ করা হবে।

*************************

**DONER Secretary :**

ভারত সরকারের উত্তরপূর্ব উন্নয়ন মন্ত্রকের সচিব সঞ্জয় জাজু আজ সিপাহিজলা জেলার নির্মীয়মান সরকারি নেশামুক্তি কেন্দ্র পরিদর্শন করেন। পরিদর্শনকালে তাঁর সঙ্গে উপস্থিত ছিলেন জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা: দেবাশীষ দাস সহ পূর্ত দপ্তরের পদস্থ আধিকারিকরা। বিশ্রামগঞ্জে মুখ্য স্বাস্থ্য আধিকারিক অফিস সংলগ্ন স্থানে পিএম ডিভাইন প্রকল্পে গড়ে উঠছে সুসংহত এই নেশা মুক্তি কেন্দ্রটি। সিপাহীজলা জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক জানিয়েছেন উত্তর-পূর্বাঞ্চলের মধ্যে সর্ববৃহৎ এই নেশা মুক্তি কেন্দ্রটির পরিকাঠামো নির্মানের কাজ নির্ধারিত সময়ে শেষ করার জন্য ডোনার

সচিব নির্দেশ দিয়েছেন। কেন্দ্রীয় সরকারের পিএম ডিভাইন প্রকল্পে ১২০ কোটি টাকা ব্যয়ে গড়ে উঠছে সর্ব সুবিধা যুক্ত এই নেশামুক্তি কেন্দ্রটি।

*************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**West Bengal-Election :**

পশ্চিমবঙ্গের বিধানসভা নির্বাচনে দ্বিতীয় ও চূড়ান্ত পর্বের সরব প্রচার আজ বিকেলে শেষ হয়েছে। আগামী ২৯শে এপ্রিল রাজ্যে ৮টি নির্বাচনী জেলার মোট ১৪২টি আসনে ভোটগ্রহণ করা হবে। এগুলি হল উত্তর কলকাতা, দক্ষিণ কলকাতা, হাওড়া, নদিয়া, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, হুগলি এবং পূর্ব বর্ধমান। উল্লেখ্য, গত ২৩শে এপ্রিল প্রথম দফায় ১৫২টি আসনে ভোট গ্রহণ করা হয়। ভোট পড়েছিল ৯৩.১৯ শতাংশ। উল্লেখ্য, কেরলম, আসাম, পশ্চিমবঙ্গ, তামিলনাড়ু এই চারটি রাজ্য এবং একটি কেন্দ্রশাসিত অঞ্চল পুদুচেরি বিধানসভা নির্বাচন এবং ত্রিপুরা সহ কয়েকটি

রাজ্যে বিধানসভা উপ-নির্বাচনের ভোট গণনা আগামী চৌঠা মে অনুষ্ঠিত হবে।

****************************

**Package Story-MKB Tripura :**

চলতি মাসের শেষ রবিবার দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ১৩৩তম মন কি বাত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। এবারের মন কি বাত-এ ত্রিপুরার জন্য ছিল বিশেষ প্রাপ্তি। বাঁশ বেতের শিল্পে আধুনিক প্রযুক্তি ব্যবহারের ক্ষেত্রে রাজ্যের দুই শিল্পীর সাফল্যের কথা তুলে ধরলেন তিনি। এনিয়ে একটি প্রতিবেদন।

######VC#####

*************************

**Bal Puraskar 2026 :**

প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় বাল পুরস্কার ২০২৬-এর জন্য মনোনয়ন পত্র গ্রহণ শুরু হয়েছে। ৫ থেকে ১৮ বছর বয়সী শিশুরা, যারা বীরত্ব, সামাজিক সেবা, পরিবেশ রক্ষা, ক্রীড়া, শিল্প ও সংস্কৃতি এবং বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে অসাধারণ কৃতিত্ব দেখিয়েছে, তারা এই পুরস্কারের জন্য বিবেচিত হবে। মনোনয়ন জমা দেওয়ার শেষ তারিখ ৩১ জুলাই। আবেদন করা যাবে অনলাইনে জাতীয় পুরস্কার পোর্টাল https://awards.gov.in/-এর মাধ্যমে।

**************************

**Darga Fair :**

আগামীকাল থেকে বামুটিয়ার ভাগলপুরে ঐতিহ্যবাহী দরগার মেলা শুরু হবে। মেলা চলবে আগামী ৩০শে এপ্রিল পর্যন্ত। দরগার মেলা কমিটির সম্পাদক সুভাষ সরকার আজ সাংবাদিক সম্মেলনে এখবর জানান।

*************************

**Storm Damage :**

গত ২৪ ঘন্টায় ঝড় বৃষ্টিতে দক্ষিণ জেলা ও উত্তর জেলা বেশ কিছু ক্ষয়ক্ষতির সংবাদ পাওয়া গেছে। দক্ষিণ জেলার প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলা দপ্তরের প্রোগ্রাম অফিসার জীবন কান্তি সরকার জানান, প্রবল ঝড়ের ফলে দক্ষিণ জেলার ৮৬টি স্থানে গাছ ভেঙ্গে পড়ে যান চলাচল ব্যাহত হয়। তাছাড়া শান্তিরবাজার মহকুমায় ৭০টি ঘর, বিলোনিয়া মহকুমায় ৮০টি এবং সাব্রুম মহকুমায় ৪০টি ঘর ক্ষতিগ্রস্ত হয়। সিভিল ডিফেন্স ও আপদা মিত্র স্বেচ্ছাসেবক, বন দপ্তর, বিদ্যুৎ দপ্তর ও টি.এস.আর বাহিনীর সহযোগিতায় বেশিরভাগ রাস্তা চলাচলের উপযোগী করা হয়েছে। বিভিন্ন স্থানে বিদ্যুৎ পরিষেবা স্বাভাবিক করার জন্য বিদ্যুৎ নিগম যুদ্ধকালীন তৎপরতায় কাজ করছে।

গতকাল ও আজকের ঝড় বৃষ্টিতে ধর্মনগর মহকুমার বিভিন্ন স্থানে ৩৬টি ঘরের আংশিক ক্ষতি হয়েছে। মহকুমা ম্যাজিস্ট্রেট দেবযানী চৌধুরী জানিয়েছেন, ঝড়ে গাছ ভেঙ্গে মহকুমার ১৪টি রাস্তা সাময়িক বন্ধ ছিল। সিভিল ডিফেন্সের ভলান্টিয়াররা যুদ্ধকালীন তৎপরতায় কাজ করে রাস্তাগুলো যান চলাচলের উপযোগী করে তোলে।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের খোয়াই জেলা ও পশ্চিম জেলায় ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ ভারী বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া বাকি জেলাগুলিতে ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৬.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১ ডিগ্রি সেলসিয়াস।

**************************